গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রশাসন অধিশাখা
প্রধান কার্যালয়, রাঙ্গামাটি
www.chtdb.gov.bd

স্মারক নম্বর : ২৯.৩১.০০০০.০০৭.১১.০৪৮.১৮- ১৬৭৭ তারিখ : ০৪/০৯/২০২৩ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় হতে ১৫ মার্চ, ২০২৩ তারিখের ২৯.০০.০০০০.২১৩.১১.০০৭.১৭-১৬৩ নং স্মারকে প্রাপ্ত জনবল নিয়োগের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | গবেষণা কর্মকর্তা (গ্রেড-৯) | ০১ (এক) টি | ২২০০০-৫৩০৬০/- | ১৮-৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি, পরিসংখ্যান বা সামাজিক বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি, পরিসংখ্যান বা সামাজিক বিজ্ঞানে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ২. | জনসংযোগ কর্মকর্তা (গ্রেড-৯) | ০১ (এক) টি | ২২০০০-৫৩০৬০/- | ১৮-৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন, ব্যবস্থাপনা বা গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন, ব্যবস্থাপনা বা গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। |
| ৩. | সহকারী প্রকৌশলী (সিভিল) (গ্রেড-৯) | ০২ (দুই) টি | ২২০০০-৫৩০৬০/- | ১৮-৩০ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক (বিএসসি) ডিগ্রি। |
| ৪. | পরিকল্পনা কর্মকর্তা (গ্রেড-৯) | ০১ (এক) টি | ২২০০০-৫৩০৬০/- | ১৮-৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ৫. | এস্টেট ইন্সপেক্টর (গ্রেড-১০) | ০১ (এক) টি | ১৬০০০-৩৮৬৪০/- | ১৮-৩০ বছর | কোনো স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। |
| ৬. | সহকারী গবেষণা কর্মকর্তা (গ্রেড-১২) | ০২ (দুই) টি | ১১৩০০-২৭৩০০/- | ১৮-৩০ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বা অর্থনীতি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ৭. | সহকারী পরিকল্পনা কর্মকর্তা (গ্রেড-১২) | ০১ (এক) টি | ১১৩০০-২৭৩০০/- | ১৮-৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বা অর্থনীতি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office Programme-সহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ৮. | অফিস সুপারিনটেনডেন্ট (গ্রেড-১২) | ০১ (এক) টি | ১১৩০০-২৭৩০০/- | ১৮-৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৯. | পরিকল্পনা সহকারী (গ্রেড-১৩) | ০১ (এক) টি | ১১০০০-২৬৫৯০/- | ১৮-৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office Programme-সহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ১০. | হিসাব সহকারী (গ্রেড-১৬) | ০১ (এক) টি | ৯৩০০-২২৪৯০/- | ১৮-৩০ বছর | কোনো স্বীকৃত বোর্ড হতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১. | কার্য সহকারী (গ্রেড-১৬) | ০৩ (তিন) টি | ৯৩০০-২২৪৯০/- | ১৮-৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office Programme-সহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১২. | গাড়ী চালক (গ্রেড-১৫) | ০১ (এক) টি | ৯৭০০-২৩৪৯০/- (ভারী লাইসেন্স) | ১৮-৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ভারী গাড়ি চালনার বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স; (গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। |
| ১৩. | অফিস সহায়ক (গ্রেড-২০) | ০৫ (পাঁচ) টি | ৮২৫০-২০০১০/- | ১৮-৩০ বছর | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| মোট | | ২১ (একুশ) টি | | | |

আবেদনের শর্তাবলী :

১। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০২২, এস.আর.ও নং ৩৭৪-আইন/২০২২, তারিখ : ০৫ পৌষ ১৪২৯,বঙ্গাব্দ/২০ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ অনুযায়ী প্রার্থীর বয়স ০১/০৯/২০২৩ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাগণ ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি বা সমমানের পরীক্ষার সনদ বিবেচনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। **সদস্য-প্রশাসন, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি পার্বত্য জেলা -কে সম্বোধনপূর্বক নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পুরণ করে আগামী ০৫/১০/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন (বেলা ৪:০০ ঘটিকার মধ্যে) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি এর বরাবর প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন আবেদন গ্রহণ করা হবে না।**

৩। নির্ধারিত আবেদন ফরমটি www.chtdb.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করে স্বহস্তে পূরণ করতে হবে। স্বহস্তে পূরণকৃত আবেদন ব্যতীত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়ন (স্বাক্ষরের নীচে নামসহ সুস্পষ্ট সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবে :

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদ এর সত্যায়িত কপি;

(খ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(গ) জাতীয় পরিচয় পত্র (NID)/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি;

(ঘ)স্থায়ী বাসিন্দা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি (জেলা প্রশাসক/সার্কেল চীফ/স্থানীয় পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত);

(ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল চারিত্রিক সনদপত্র;

(চ) প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd তে এবং উক্ত ওয়েবসাইটে সর্বশেষ সংরক্ষিত/ প্রদর্শিত তালিকার যে কোন একটির প্রমাণক দাখিল করতে হবে। এক্ষেত্রে কোন প্রকার সাময়িক সনদ বা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সনদ গ্রহণযোগ্য হবে না।;

(ছ) এতিম/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদেরকে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা অথবা ক্ষমতাপ্রাপ্ত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত এতিম/ শারীরিক প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।

(জ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যভূক্ত (ন্যূনতম ২১ দিনের প্রশিক্ষণ যা' ৩০/০৬/২০২৩ খ্রিঃ এর পূর্বে সম্পন্ন) প্রার্থীকে জেলা আনসার অ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

(ঝ) **"পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড"** এর অনুকূলে সোনালী ব্যাংক পিএলসি এর যে কোন শাখা হতে পরীক্ষা ফি বাবদ ১-৪ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা (অফেরতযোগ্য), ৫ নংক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য), ৬-৮ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা (অফেরতযোগ্য), ৯-১২ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা (অফেরতযোগ্য) এবং ১৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। **সোনালী ব্যাংক পিএলসি ব্যতীত অন্য কোন ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য নয়।**

৫। সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিতে নিয়োজিত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৬। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/ঘষামাজা আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭। প্রাপ্ত সকল আবেদনপত্র যাচাই-বাছাই করে কেবল উপযুক্ত প্রার্থীদের ক্ষেত্রে লিখিত/মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।

৮। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।

৯। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১০। আবেদনপত্রে বর্ণিত কোন তথ্য যে কোন পর্যায়ে ভুয়া/মিথ্যা প্রমাণিত হলে আবেদন/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি প্রজ্ঞাপন ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিজ্ঞপ্তি বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংশ্লিষ্ট বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং এক্ষেত্রে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩। খামের উপরে সুস্পষ্টভাবে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।

১৪। যে সব পদের ক্ষেত্রে কম্পিউটারে MS Office Programme-সহ কম্পিউটার চালনায় পারদর্শিতা ও বাস্তব কর্ম অভিজ্ঞতা চাওয়া হয়েছে সেসব পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে।

১৫। সকল শূন্য পদে একই তারিখ ও সময়ে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৬। ৯-১৩ নং ক্রমিকে বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে তিন পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।

০৪.০৯.২০২৩

মোঃ জসীম উদ্দিন
(উপসচিব)
সদস্য-প্রশাসন
ফোন : +৮৮২৩৩৩৩৭২৪৯৭
Email : ma@chtdb.gov.bd